



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
বদলগাছী, নওগাঁ।

স্মারক নং-৩৩.০১.৬৪০৬.০০০.১৬.০০১.২১-

তারিখ-১৬/০৫/২০২২ ইং

প্রকল্প প্রস্তাবনা

প্রকল্পের নামঃ “ইউনিয়ন প্রাণিসম্পদ সেবা কেন্দ্র চালুকরণ প্রকল্প”

ভিশনঃ ইউনিয়ন পর্যায়ে সকলের জন্য নিরাপদ, পর্যাপ্ত ও মানসম্মত প্রাণিজ আমিষ নিশ্চিতকরণ।

মিশনঃ ইউনিয়ন পর্যায়ে প্রাণিসম্পদ সেবা সহজলভ্যকরণের মাধ্যমে প্রাণিজ পণ্যের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি ও মূল্য সংযোজনের মাধ্যমে প্রাণিজ আমিষের চাহিদাপূরণ।

প্রকল্পের স্থানঃ সকল ইউনিয়ন পরিষদ (০৮টি), বদলগাছী উপজেলা, নওগাঁ।

বাস্তবায়নকালঃ ১৬/০৫/২০২২ ইং থেকে ৩০/০৬/২০২৩ ইং

বাস্তবায়নকারীঃ ডাঃ মোঃ নাজমুল হক

উপজেলা প্রাণিসম্পদ অফিসার

বদলগাছী, নওগাঁ।

প্রকল্পের উদ্দেশ্যঃ প্রাণিসম্পদ সেবা সহজলভ্যকরণ।

প্রকল্পের বিষয়বস্তুঃ

- ইউনিয়ন পর্যায়ে প্রান্তিক কৃষক/খামারি যেন সহজেই প্রাণিসম্পদের সেবা অবহিত, গ্রহণ ও বাস্তবায়ন করতে পারে।
- গবাদিপশু-পাখির প্রাথমিক সেবা যেন সহজেই গ্রহণ করতে পারে।
- জ্বরুরী ভেটেরিনারি মেডিকেল সেবা যেন দ্রুত গ্রহণ করতে পারে।
- গবাদিপশু-পাখির রোগ প্রতিরোধে যেন সময়মত টিকা গ্রহণ করতে পারে।
- উন্নত জাতের বাছুর উৎপাদন ও গবাদিপশুর জাত উন্নয়নে কৃত্রিম প্রজনন সেবা যেন সময়মত পেতে পারে।
- গবাদিপশুর পুষ্টি নিশ্চিতকরণে উন্নত জাতের ঘাসের বীজ/কাটিং যেন হাতের নাগালে পেতে পারে।
- উন্নত প্রযুক্তি গ্রহণ, ডিজিটাল তথ্য সেবা গ্রহণ এবং নিরাপদ দুধ, ডিম, মাংস উৎপাদনে পরামর্শ ও সেবা যেন সহজেই পেতে পারে।
- নিরাপদ প্রাণিজ আমিষ নিশ্চিতকরণে হাটবাজার মনিটরিং যেন সহজেই করা যেতে পারে।

কর্মপরিকল্পনাঃ

- ইউনিয়ন পরিষদে প্রাণিসম্পদের জন্য বরাদ্দকৃত কক্ষে দাপ্তরিক কার্যক্রম চালুকরণ।
- দাপ্তরিক কর্মপরিবেশের জন্য প্রয়োজনীয় আসবাবপত্র, রেজিস্টার, ফাইল ও কম্পিউটার এর ব্যবস্থা করা।
- টিকা ও জ্বরুরী মেডিসিন সংরক্ষণের জন্য রেফ্রিজারেটর এর ব্যবস্থা করা।
- কৃত্রিম প্রজনন এর জন্য ট্রাভিস এর ব্যবস্থা করা।
- প্রাথমিক মেডিকেল সেবার জন্য এনিমেল শেড এর ব্যবস্থা করা।
- উন্নত জাতের ঘাসের প্লট স্থাপন করা।

জনবল কাঠামোঃ মোট=০৪ জন

- ⇒ উপসহকারী প্রাণিসম্পদ কর্মকর্তা=০১ জন (বর্তমানে পদশূণ্য)
- ⇒ এআই (কৃত্রিম প্রজনন) টেকনিশিয়ান=০১ জন
- ⇒ এলএসপি (লাইভস্টক সার্ভিস প্রভাইডার)=০১ জন
- ⇒ ভ্যাক্সিনেটর=০১ জন

সম্ভাব্য ব্যয়ঃ (ইউনিয়ন ভিত্তিক)

ক্রমিক নং	প্রয়োজনীয় খাত	উপকরণ	সংখ্যা	একক মূল্য	মোট মূল্য
১।	অফিস আসবাবপত্র ক্রয়	সেক্রেটারিয়েট/কাঠের টেবিল (৪.৬/২.৬ ফিট)	৩টি		
		রেস্কিন চেয়ার	৬টি		
		স্টিলের ফাইল কেবিনেট	১টি		
		স্টিলের আলমিরা	১টি		
		বোর্ডের কম্পিউটার টেবিল	১টি		
২।	অফিস কম্পিউটার ও ইলেক্ট্রনিক্স ক্রয়	ডেস্কটপ কম্পিউটার	১টি		
		প্রিন্টার	১টি		
		রাউটার	১টি		
		পেনড্রাইভ	১টি		
		রেফ্রিজারেটর	১টি		
		সিলিং ফ্যান	১টি		
		এলইডি রড বাব্ব	২টি		
৩।	এনিমেল শেড (২৮/১২ ফিট) নির্মাণ	স্টিলের এনিমেল ট্রাভিস	২টি		
		কালার টিন			
		স্টিলের খুঁটি			
		কাঠের বীম ও এঞ্জেল			
		ইট			
		সিমেন্ট			
		বালি			
		লেবার কস্ট			
৪।	ঘাসের প্লট নির্মাণ	কাঁটাতার দিয়ে ফেন্সিং			
		সিমেন্টের খুঁটি			
		লেবার কস্ট			
৫।	মেডিসিন ও টিকা ক্রয়	মেডিসিন (সংযুক্ত তালিকা অনুযায়ী)	১টি		
		টিকা (সংযুক্ত তালিকা অনুযায়ী)	১টি		
৬।	সেমিনার ও সভা	ব্যানার	২টি		
		নাস্তাবাবদ	২ বার		
৭।	মিডিয়া ও প্রচার	প্রিন্ট মিডিয়া	২টি		
		ইলেক্ট্রনিক মিডিয়া	২টি		
৮।	অফিস কন্টিনজেন্সি	ফাইল, রেজিস্টার, নেমপ্লেট, সিল প্যাড, কলম, সিটিজেন চার্টার বোর্ড ইত্যাদি	১ বার		
প্রতি ইউনিয়নভিত্তিক ব্যয়=					
৮টি ইউনিয়নে মোট ব্যয়=					

অর্থায়নেঃ উপজেলা পরিষদ, বদলগাছী, নওগাঁ।

প্রত্যাশিত ফলাফলঃ ইউনিয়ন পর্যায়ে প্রান্তিক কৃষক/খামারি প্রাণিসম্পদের প্রতিশ্রুত সেবা সহজে দ্রুততম সময়ে পাওয়ায় প্রাণিজ পণ্যের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি ত্বরান্বিত হবে এবং নিরাপদ প্রাণিজ আমিষের পর্যাপ্ত যোগান নিশ্চিত হবে।

প্রকল্প অনুমোদনকারী কমিটির স্বাক্ষরঃ

সদস্য

সদস্য সচিব

সভাপতি

জনাব মোখলেছুর রহমান
উপজেলা প্রকৌশলী
বদলগাছী, নওগাঁ।

মোসাঃ আলপনা ইয়াসমিন
উপজেলা নির্বাহী অফিসার
বদলগাছী, নওগাঁ।

মোঃ শামসুল আলম খান
উপজেলা চেয়ারম্যান
বদলগাছী, নওগাঁ।